



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : পনি/মাধ্য-১৫/২/৫৭

তারিখ : ০৫-০৪-২০২৬ খ্রি.

বিষয় : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৬ এর শ্রুতিলেখক/সময় বৃদ্ধি সংক্রান্ত পরীক্ষার্থীদের জন্য কাগজপত্র দাখিল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২৬-এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র খুব শীঘ্রই অন-লাইনে দেওয়া হবে। যে সকল প্রতিষ্ঠানে/কেন্দ্রে দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, বাক প্রতিবন্ধী, সেরিব্রাল পালসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী আছে, সে সকল প্রতিষ্ঠান/কেন্দ্র নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

ক্রমিক নং	সময় বৃদ্ধি করা পরীক্ষার্থীর কাগজপত্রের বিবরণ	শ্রুতিলেখক নেয়া পরীক্ষার্থীর কাগজপত্রের বিবরণ
০১	পরীক্ষার্থীর/প্রতিষ্ঠানের/কেন্দ্র সচিবের সুপারিশসহ আবেদন, পরীক্ষার্থীর সমাজসেবা অধিদপ্তরের কার্ড, প্রবেশপত্রের ফটোকপি দাখিল করতে হবে।	পরীক্ষার্থী/প্রতিষ্ঠান/কেন্দ্র সচিবের সুপারিশসহ আবেদন, সমাজসেবা অধিদপ্তরের কার্ড, প্রবেশপত্রের ফটোকপি, শ্রুতিলেখক ও পরীক্ষার্থীর এক কপি করে পাসপোর্ট সাইজের ছবি। শ্রুতিলেখক পরীক্ষার্থী অবশ্যই ২০২৬ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত হতে হবে এবং এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, শ্রুতিলেখক শিক্ষার্থীর পিতা/অভিভাবকের অনাপত্তি/সম্মতিপত্র দাখিল করতে হবে।

উল্লেখিত কাগজপত্রসহ পরীক্ষা শুরুর কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে নিম্নস্বাক্ষরকারী দপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫-০৪-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের অধীন সকল কেন্দ্র সচিব ২০২৬/

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা

প্রতিষ্ঠান।